**কবিতা পুরুষ**

কমল দে সিকদার

কেন তবে এই লঘু আচরণ, বলো
যমুনা কি ধরেছিল হাত, তুমুল প্রণয়ে
স্বর্গ বুঝি লোভনীয় এত, পৃথিবী থেকেও?

কথা ছিল আরো কিছু দিন
কথা ছিল সাঁকো পার হওয়া
ভুবনডাঙ্গার মাঠ, সপ্তপর্ণীর ছায়ায়-

কবিতার প্রতিবেশী তুমি, কবিতাপুরুষ
অনুজ অক্ষর প্রেমিক আমি, শ্রদ্ধাবনত
ভালবাসা কাকে বলে বলে যাও কবি
শরীরে শরীরে আজ পুড়ে গেছি খুব

কথা ছিল আরো কিছু দিন
মরণ হতে যেন জাগি, গানের সুরে...

**স্মরণ - সুনীল গঙ্গোপাধ্যায়**

কমল মুখোপাধ্যায়

শাসন করেছ তুমি রাতের কলকাতা এবে বাংলার কবিতা ভুবন
পঞ্চাশ বছর ধরে তুমি রাজা বাংলার সাহিত্য সমাজে
ছিন্নমূল উদ্বাস্তুর দীপ্র অহংকার ছিল চরিত্রে তোমার
তা-ই নিয়ে জয় করে নিলে লক্ষ্মী-সরস্বতীর যুগ্ম বরদান
যে কোন সভায় গেলে তুমি হতে শীর্ষ আকর্ষণ
অতুল ঐশ্বর্যে তুমি সাজিয়েছ কবিতার মোহিনী মুরতি

মনে পড়ে আমাদের অর্বাচীন আড্ডার মজলিশে
তুমিও গিয়েছ মিশে তরুণের দলে অনায়াসে
কবিতায়-গানে-স্মৃতি উচ্চারণে মেতেছ উল্লাসে
ভক্ত কবিদল তোমাকে প্রণাম করে আজও করবে ভাবীকাল

তোমার প্রয়াণ দিনে আমি দূর আরব সাগর তীরে
প্রিয়তম কলকাতার দুর্গোৎসব সকাল  অশ্রুময় স্নান
পূর্ব-পশ্চিম জুড়ে প্রথম আলোতে সুজন বন্ধুরা স্তব্ধবাক
আজ আর কিছুই যেন তোমার কাছে ভাল্লাগে না,
তুমি ও রাখোনি কথা, খুলে দিয়ে রহস্যের রুদ্ধ দরোজা
কোথায় গিয়েছে চলে অন্য কোনও প্রিয়তর টানে।